

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, নভেম্বর ৪, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
(উপজেলা-১ শাখা)

প্রজ্ঞাপন

তারিখ : ০৬ কার্তিক ১৪২২ বঙ্গাব্দ/২১ অক্টোবর ২০১৫ খ্রিস্টাব্দ

নং ৪৬.০৪৬.০২৭.০০.০০.১৫৩.২০১৪-১২৫৩—যেহেতু, জনাব মোঃ ইব্রাহিম বিশ্বাস, ভাইস চেয়ারম্যান, শালিখা উপজেলা পরিষদ, মাগুরা-এর বিরুদ্ধে স্পেশাল ট্রাইব্যুনাল-১ মাগুরার আদালতে এস.টি.সি, ৪৪/১৫ (শালিখা থানার জি.আর ০৮/২০১৫)-এর অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে;

যেহেতু, বিজ্ঞ আদালত কর্তৃক জনাব মোঃ ইব্রাহিম বিশ্বাস, ভাইস চেয়ারম্যান, শালিখা উপজেলা পরিষদ, মাগুরা-এর বিরুদ্ধে অভিযোগপত্র গৃহীত হওয়ায় তাঁর দ্বারা উপজেলা পরিষদের ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থী মর্মে সরকার মনে করে;

সেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ধারা ১৩খ(১) ধারা অনুসারে মাগুরা জেলার শালিখা উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান জনাব মোঃ ইব্রাহিম বিশ্বাসকে সাময়িকভাবে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

লুৎফুন নাহার  
সিনিয়র সহকারী সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক (দায়িত্বপ্রাপ্ত), বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
ড. মহিউদ্দীন আহমেদ (উপসচিব), উপপরিচালকের দায়িত্বে, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

(৮৬৬৫)

মূল্য : টাকা ৪.০০